হৃৎপিণ্ড সিলেট এর ১০ম বর্ষপূর্তি উদযাপন

ডেস্ক রিপোর্ট: ১৪ ই জুন বিশ্ব রক্তদাতা দিবস ও হৃৎপিণ্ড সিলেট-এর ১০ম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, দোয়া মাহফিল ও কেক কাটা অনুষ্ঠান পালিত হয়েছে। শুক্রবার শহরতলীর মাহাদুল কুরআন নূরানী হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানার শিশুদের সাথে নিয়ে দোয়া মাহফিল ও কেক কাটা অনুষ্ঠিত হয়। এতে
সকল রক্তদাতা ও শুভাকাঙ্ক্ষীদের মঙ্গল কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। এর আগে এতিম কোমলমতি শিশুদের জন্য মৌসুমী ফলমূল উপহার নিয়ে যাওয়া হয়।
অনুষ্ঠানে হৃৎপিণ্ড সিলেটের সমন্বয়ক রাজিব হোসাইন বলেন,প্রতিষ্ঠা লগ্ন থেকে রক্তদানের পাশাপাশি সামাজিক কাজ করে আসছে উল্লেখযোগ্য হলো ঈদবস্ত্র,শীতবস্ত্র, ইফতার সহ দূর্যোগে ত্রান-সাহায্য । আমাদের এমন মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে। এসময় উপস্থিত ছিলেন হৃৎপিণ্ডের প্রতিষ্ঠাতা জাহাঙ্গীর আলম, হৃৎপিণ্ডিয়ান জয় দত্ত, এনাম উদ্দিন, শেখ পলাশ আহমেদ ও ফয়েজ আহমেদ প্রমুখ। বিজ্ঞপ্তি